

পশ্চিমবঙ্গের পরিবেশ সংগঠন ও পরিবেশপ্রেমীদের প্রতি সবুজ মঞ্চের পক্ষ থেকে আগামী বিশ্ব পরিবেশ দিবস পালনের অনুরোধ

সাথী,

আগামী বিশ্ব পরিবেশ দিবস ২০২২ উপলক্ষে আপনাকে / আপনাদের সংগঠনকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। বিশ্ব উষ্ণায়ন এবং জলবায়ু পরিবর্তন আজ সারা পৃথিবীর কাছে প্রধান বিপদ হয়ে দেখা দিয়েছে। মুনাফা কেন্দ্রিক সভ্যতা আজ পৃথিবীর সমস্ত প্রাকৃতিক সম্পদ ধ্বংস করতে চলেছে। আপনাদের অভিজ্ঞতায় নিশ্চয় বুঝতে পারছেন – রাজ্যেও পরিবেশের অবস্থা ভাল নয়। এই পরিস্থিতি পরিবর্তনের জন্য আপনাদের মত সবুজ মঞ্চও সাধ্যমত প্রচেষ্টা নিচ্ছে। ২০০৯ সাল থেকে সবুজ মঞ্চ রাজ্যের বিভিন্ন পরিবেশ সমস্যায় নীতি প্রণয়ণ থেকে তৃণমূল স্তরে প্রতিবাদে সামিল থেকেছে।

এই পরিস্থিতিতেই নিশ্চয় সবাই আগামী বিশ্ব পরিবেশ দিবস পালনের উদ্যোগ নিচ্ছেন। আমাদের অনুরোধ - ২০২২-এর বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আগামী ৩ জুন, একই দিনে রাজ্যের বিভিন্ন জেলায় সবুজ মঞ্চ-র সদস্য সংগঠন, সাথী সংগঠন, ব্যক্তি এবং পরিবেশপ্রেমীরা সবুজ মঞ্চ-র ব্যানার এবং আপনাদের নিজস্ব সংগঠনের ব্যানার সহ পরিবেশ দিবস পালন করুন। বিভিন্ন জায়গায় বিভিন্ন ধরনের কর্মসূচী পালিত হতে পারে।

আপাতত কলকাতা এবং শিলিগুড়িতে দুটি কেন্দ্রীয় উদ্যোগের সিদ্ধান্ত হয়েছে। এছাড়াও বিভিন্ন জেলায় যে যেভাবে পারুন, ঐ একই দিনে এই কর্মসূচী পালন করলে আমরা পরিবেশের বিষয়গুলিকে জনমানসে আরও গুরুত্ব দিয়ে তুলে ধরতে পারব। মূল স্লোগান হবে - **বিপন্ন বাংলার পরিবেশ। বদলের জন্য সক্রিয় হোন**। প্রতিটি কর্মসূচীতে এই স্লোগান সহ ব্যানার ব্যবহার করা হবে। প্রতিটি কর্মসূচীর মূল দাবী হবে – (১) নদী, জলাভূমি, জলাশয়, উপকূল সংরক্ষণ; (২) বায়ু দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশ বান্ধব জনপরিবহন, (৩) আবর্জনার ব্যবস্থাপনা, (৪) প্লাস্টিক ব্যবহার নিয়ন্ত্রণ এবং (৫) শব্দ দূষণ নিয়ন্ত্রণ। এই বিষয় গুলি নিয়ে ব্যানার, প্রদর্শনী, পোস্টার, প্লাকার্ড থাকবে। এই সঙ্গে স্থানীয় এলাকার বিশেষ পরিবেশ সমস্যাগুলি নিয়েও ব্যানার, প্রদর্শনী, পোস্টার, প্লাকার্ডও এই কর্মসূচীগুলিতে থাকবে। মূল ব্যানারের এবং প্রচারপত্রের প্রথম পাতার সফট কপি সবুজ মঞ্চের অফিস থেকে সদস্যদের কাছে পাঠিয়ে দেওয়া হবে। স্থানীয় ভিত্তিতে ছাপিয়ে নিলে আর্থিক দায়ভার এবং বিতরণের চাপ ভাগ হয়ে যাবে।

উত্তরবঙ্গে কেন্দ্রীয় জমায়েত হবে শিলিগুড়ি স্টেডিয়াম সংলগ্ন অঞ্চলে বেলা ১১ টা থেকে দুপুর ৩টা পর্যন্ত। উত্তরবঙ্গের বিভিন্ন জেলা থেকে পরিবেশ কর্মীরা অংশগ্রহণ করবেন। এই কর্মসূচীতে যোগ দান করতে যোগাযোগ করুন – তুহিন শুভ্র মন্ডল (৮৬৩৭০৪৬৭৩১) এবং প্রদীপ নাগ (৯৪৩৪২৩৩৮৩৩)।

কলকাতায় সারাদিন বিভিন্ন স্থানে ট্যাবলো প্রদর্শনী সহ সভা হবে। কলকাতার কর্মসূচীতে অংশ নিতে হলে যোগাযোগ করুন - মনীন্দ্রনাথ মুখার্জি (৯৬৩৫৯১২০৪৯ কেবলমাত্র ফোনে) অথবা দেবাশিস রায়কে (৯১৬৩৫৩৯০৭৩ ফোন বা হোয়াটস এপে)।

যেহেতু এই কর্মসূচীগুলি পালন করতে বেশ কিছু ব্যয় হবে, সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে স্থানীয় সংগঠকদের কাছে আর্থিক অনুদান দেবার জন্য। তা না হলে কর্মসূচীগুলি সফল করা খুব অসুবিধা হবে। অভিনন্দন সহ,

নব দত্ত

সাধারণ সম্পাদক, সবুজ মঞ্চ